পবিত্র ইঞ্জিল শরিফ ৭ নম্বর ছিপারা
পয়লা করিন্থিয়া
পরিচিতি

পবিত্র আছমানি কিতাবর অউ ছিপারা আল্লা পাকর হুকুমে হজরত ইছা আল-মসীর সাহাবি হজরত পাউলুছে (রাঃ) চিঠির আকারে লেখছইন। ইখান অইলো করিন্থ জমাতর গেছে তান লেখা পয়লা ছহিফা। অনুমান করা অয়, হজরত ইছায় বেহেস্তো তশরিফ নেওয়ার ২০ বছর বাদে ইখান লেখা অইছে।

রোমান বাদশাইর ভিতরে গ্রীস দেশর রাজধানি করিন্থ আছিল কায়-কারবারর লাগি নামি-দামি এক টাউন। ই টাউনো বউত বেশ্যা-বাজি সহ নানান নমুনার জিনার কাম আছিল।

সাহাবি হজরত পাউলুছে দুছরা বার তবলিগি ছফরর কালো পয়লাউ অউ টাউনো তশরিফ আনছিলা (সাহাবি নামা ১৮ রুকু দেখউক্কা)। তাইন করিন্থ টাউন থাকি ফিরিয়া আওয়ার তিন বছর বাদে যেবলা ইফিছ টাউনো তবলিগ করাত আইলা, অউ সময় করিন্থ জমাতর মুরব্বি অকলে খবর দিলা, জমাতর মাজে নানান নমুনার গন্ডগোল আর ভুল তালিমে ভরি গেছে।

জমাতর এবাদত-বন্দেগির মাজে এরা গাইবি ভাষায় মাতারে বউত দাম দিরা। তেউ হজরত পাউলুছে তারারে পরামিশ দিলা পীরাকি মাত মাতার লাগি। অউ দুইও নিয়ামতউ আল্লাই পাক রুহর দান, তা-ও পীরাকি মাত মাতারে তাইন বেশি দাম দিছইন, কারন অউ মাতে মানষে আল্লাই মুনশা, হেদায়ত আর হুশিয়ারি পায়।

আরো খবর পাইলা, ইমানদার অকলর মাজে খুব বেশি দলাদলি, জিনার কাম, মামলা-মকদ্দমা, বিশৃংখলা, মদ খাওয়া, আর ভন্ডামি চলের। তাইন অউ জঘইন্য কাম-কাজরে, হজরত মুছা (আঃ) অর জমানার নাফরমান বনি ইছরাইলর লগে তুলনা করছইন (১০ রুকু দেখউক্কা)। তারারে তৌবা করার পরামিশ দিয়া অউ মুল্যবান চিঠি

লেখছইন, যাতে ইমানদার অকলে গুনার কাম ছাড়িয়া, আল্লার ডর-খফে পাক-পবিত্র জিন্দেগির পথে ফিরিয়া আইন, আর তারা পবিত্র মহব্বতর আশিক অইন। মহব্বতউ অইলো হকল থাকি বড় ধন।

এরমাজে আছে,

(ক) ছালাম জানানি ১:১-৯ আয়াত
(খ) আল্লার জমাতর দায়-দায়িত্ব ১:১০–৪:২১
(গ) মানষর যৌবন আর পরিবারর তালিম ৫–৭ রুকু
(ঘ) ইছায়ী মুমিন আর দেব-দেবীর পুজা ৮:১–১১:১ আয়াত
(ঙ) জমাতো আল্লার এবাদত-বন্দেগি ১১:২–১৪:৪০
(চ) মুর্দা থাকি জিন্দা অইয়া উঠা ১৫ রুকু
(ছ) বিদায়ি পরামিশ আর দোয়া ১৬ রুকু

ছালাম জানানি

1 আমি পাউলুছ, আল্লা পাকর মর্জিয়ে আল্লাই দাওত পাইয়া হজরত
ইছা আল-মসীর একজন সাহাবি অইছি। আমি আর আমার মুমিন ভাই
সোছিনে,
2 করিন্থ টাউনর আল্লার জমাতর মানষর গেছে, মানি তুমরার গেছে
লেখরাম। হজরত ইছা আল-মসীর তরিকা কবুল করায় আল্লায় তুমরারে
পাক-পবিত্র করছইন আর তান আপন বন্দা অইবার লাগি দাওত
দিছইন। তুমরার গেছে আর অইন্যান্য জাগার যত মানষে আমরার
হজরত ইছা আল-মসীরে মালিক কইয়া মানইন, তারা হকলর গেছে
আমরা অউ চিঠি খান লেখরাম। তাইন তারারও মালিক, আমরারও
মালিক।
3 আমরার গাইবি বাফ আল্লা পাকে আর হজরত ইছা আল-মসীয়ে
তুমরারে রহমত আর শান্তি দান করউক্কা।

4 আমি হামেশা তুমরার লাগি আমার আল্লার দরবারো শুকরিয়া
আদায় করি, কারন ইছা আল-মসীর তরিকা কবুল করায় তুমরা আল্লার
রহমতর তলে আইছো।

5 অউ রহমত অইলো, হজরত ইছা আল-মসীর লগে শরিক অইয়া
তুমরা হকল নমুনায় মাত-কথা মাতা আর আখল-ইলিমে ধনি অইছো।
6 অখন দেখা যার, আল-মসীর বেয়াপারে আমরা যেতা তালিম
দিছলাম, ইতা তুমরার দিলো গাথিয়া রাখছো।
7 আর হজরত ইছা আল-মসীয়ে দুছরা বার তশরিফ আনার লাগি
তুমরা বার চাইরায়, এরমাজে আল্লার দেওয়া বাতুনি খেমতার যেকুনু
নিয়ামত পাইতে তুমরার অভাব অর না।
8 আমি জানি, আমরার হজরত ইছা আল-মসীয়ে তুমরারে আখের
পর্যন্ত ইমানে মজবুত রাখবা, যাতে তাইন আইবার আগ পর্যন্ত তুমরা
পুরাপুর নিখুত রইবায়।
9 আল্লা পাক তো হক আর খাটি, তাইন যেলা কইন অলা অয়। তাইন
তুমরারে দাওত দিছইন, তুমরা যানু তান খাছ মায়ার জন ইছা ইবনুল্লার
লগে খাতির-সম্পর্ক রাখো, এইনউ আল-মসী, আমরার মালিক।

আল্লার জমাতর দায়-দায়িত্ব (১:১০-৪:২১)

জমাতর মাজে দলাদলি

10 তে ভাই অকল, হজরত ইছা আল-মসীর অইয়া আমি তুমরারে
জুড় আতে মিনত করিয়ার, তুমরা হকল এক অও। তুমরার মাজে কুনু
দলাদলি না রউক, এক মন আর এক মত অও।
11 হুনো, কুলুয়া বিবির বাড়ির মানষর গেছ থাকি জানলাম, তুমরার
মাজে কাইজ্জা-ফসাদ চলের।
12 আমি হুনলাম, তুমরার মাজে কেউ কয়, "আমি পাউলুছর
দলর," কেউ কয়, "আমি আপল্লছর দলর," কেউ কয়, "আমি
পিতরর দলর," আর কেউ কয়, "আমি আল-মসীর দলর।"
13 তে কওছাইন, আল-মসীরে কিতা বাটা-বাটি করা অইগেছে নি?
আমি পাউলুছরে তুমরার লাগি সলিবো লটকাইয়া মারা অইছে নি?
তুমরা কিতা আমার নামে তৌবার গোছল করছো নি?
14 আমি আল্লার দরবারো শুকরিয়া জানাই, খালি কিরিস্পো আর
গউছ ছাড়া, দুছরা কুনু মানষরে আমি তৌবার গোছল করাইছি না।

15 যাতে কেউ কইতো না পারে, তুমরা আমার নামে তৌবার গোছল
করছো।
16 আস্তিফান ভাইর পরিবারর মানষরেও আমি তৌবার গোছল
করাইছি, এছাড়া আর কুনু মানষরে গোছল করাইছি করিয়া আমার
মনো অর না।
17 আল-মসীয়ে তো আমারে তৌবার গোছল করানির লাগি
পাঠাইছইন না, খালি খুশ-খবরি তবলিগর লাগিউ পাঠাইছইন। আর
অউ খুশ-খবরিও কুনু আখলদারি পন্ডিতি ভাব-ভংগিয়ে তবলিগ করাত
পাঠাইছইন না, যাতে সলিবর উপরে আল-মসীর কুরবানি অওয়া
বেকামা না বনে।

আল-মসীউ আল্লাই আখল আর বল

18 যারা গজবি পথেদি দৌড়ার, আল-মসীর সলিবর উপরর কুরবানি
তারার গেছে তো খালি বেআখলি মনো অয়, অইলে আমরা যারা
নাজাতর পথে দৌড়াইরাম, আমরার গেছে ইতা অইলো আল্লাই বল।
19 আছমানি কিতাবো লেখা আছে, "আমি আখলদার অকলর
আখলরে বেকামা করমু, আর বুদ্ধিমান অকলর বুদ্ধিরে বিফল করমু।"
20 তে অউ আখলদার অকল কুয়াই? আলিম অকলউ বা কুয়াই?
আর অউ জমানাত তর্ক করার খেমতা যার আছে, হে অখন কুয়াই?
দুনিয়াবি আখল তো খালি বেআখলি, ইতা আল্লায়উ দেখাইরা।
21 আল্লায় তান নিজর আখল দিয়া ফয়ছালা করছইন, যাতে দুনিয়ায়
যানু তার আখল দিয়া তানরে চিনতো না পারে। এরলাগি বেআখলির
অউ খুশ-খবরি তবলিগর মাজদি আল্লায় মুমিন অকলর জান বাচাইতা
চাইলা।
22 ইহুদি অকলে খালি কেরামতি কাম দেখতা চাইন, ইউনানি
অকলে আখলর তালাশ করইন,
23 অইলে আমরা তবলিগ করি সলিবর উপরে কুরবানি অওয়া
আল-মসীর কথা। ইতা অইলো বনি ইছরাইলর গেছে একটা বে-দীনি
কাম আর ভিন জাতি অকলে মনো করইন বেআখলি কাম।
24 অইলে বনি ইছরাইল অউক্কা বা ইউনানি অউক্কা, আল্লার দাওতি
বন্দা অকলর গেছে অউ আল-মসীউ অইলা আল্লাই আখল আর আল্লাই
বল।

25 আল্লাই বেআখলি মানষর আখল থাকি বউত বড় আখলদার,
আর আল্লাই কমজুরি মানষর শক্তি থাকি বউত সবল।
26 ভাই অকল, চিন্তা করি দেখো, তুমরারে যেবলা দাওত দেওয়া
অইছিল, হি সময় তুমরা কিলাখান আছলায়। তুমরার মাজর বউত জনউ
মানষর চখুত আখলদার, খেমতাবান বা নামি-দামি বংশর আছলায় না।
27 অইলে দুনিয়ায় যেতারে বেআখলি কইয়া মনো করে আল্লায়
অতারেউ পছন্দ করছইন, যাতে দুনিয়ার আখলদার অকলে শরম
পাইন। আর দুনিয়ায় যেতারে কমজুর মনো করে, আল্লায় অতারে
পছন্দ করছইন, যাতে দুনিয়ার বলবান হকলতা শরমিন্দা অইন।
28 দুনিয়ার মানষে যেতারে খুব তুচ্ছ মনো করে, দুনিয়ার বুকুত
যেতার কুনু দাম নাই, আল্লায় অতারেউ পছন্দ করছইন, যাতে দুনিয়ার
চখুত যেতা নামি-দামি, ইতা বে-দামি অইযায়।
29 তাইন ইতারে পছন্দ করছইন, যাতে দুনিয়ার কুনু মানষে তান
ছামনে বড়াই দেখানির সুযোগ না পাইন।
30 আর তুমরা যেরা ইছা আল-মসীর আপন জন বনছো, ইতা তো
আল্লা থাকিউ অইছে। আল-মসীউ অইলা আমরার গেছে আল্লার দেওয়া
আখল, পাক-পরেজগারি, পবিত্রতা আর আজাদির খুটি।
31 এরলাগি আছমানি কিতাবো লেখা আছে, "যে মানষে বড়াই
করে, হে মাবুদরে লইয়াউ বড়াই করউক।"

2

1 ভাই অকল, আল্লার দেওয়া খুশ-খবরি তুমরার গেছে তবলিগ
করাত গিয়া আমি তো সুন্দর সুন্দর ভাষায় মাতিছি না, বা বড় কুনু
আলিম-উলামার লাখান বয়ান করছি না।
2 আমি মনে মনে ঠিক করছলাম, তুমরার লগে থাকার কালো আমি
খালি অউ ইছা আল-মসীর বিষয়ে মাতিমু, যে ইছারে সলিবর উপরে
লটকাইয়া মারা অইছে, ইতা ছাড়া আর কুন্তা মাততাম নায়।
3 আমি যেবলা তুমরার লগে রইতাম, অউ সময় নিজরে কমজুর
মনো করতাম আর ডরাইয়া কাপিতাম।

4 আমার তবলিগ আর আমার বয়ানর মাজে মানষর মন জয় করার
মত কুনু আখল-হেকমত আর যুক্তি আছিল না, খালি আল্লাই পাক রুহ
আর কুদরতি বল দেখা গেছিল।
5 আমি চাইলাম, তুমরার ইমান মানষর আখল-ইলিমর উপরে ভরসা
না করিয়া, খালি আল্লাই বলর উপরে ভরসা করে।

আল্লাই পাক রুহর দেওয়া আখল

6 তা-ও যেরা ইমানে কামিল, তারার গেছে আমরা আখলর মাত
মাতি। অইলে অউ আখল তো ই জগতর নায় বা জগতর নেতা অকলর
লাখানও নায়, তারা তো বরবাদ অওয়ার পথি।
7 আসলে আমরা খালি আল্লাই আখল-হেকমতর বাতুনি গোপন
বেয়াপারে মাতি। অউ বাতুনি বেয়াপার তো দুনিয়া পয়দা করার আগেউ
আল্লায় তান নিজর মর্জিয়ে ঠিক করিয়া রাখছইন, যাতে আমরা তান
গৌরবর ভাগি অই।
8 অইলে অউ জগতর নেতা অকলে ইতা বুজরা না। ইতা বুজলে
তারা, হউ গৌরবর ধন আমরার মালিক ইছারে সলিবর উপরে
লটকাইয়া মারলো না অনে।
9 অইলে আমরা জানি, আল্লার কালামে কয়,

যারা আল্লারে মহব্বত করইন,
তারার লাগি তাইন যেতা রাখছইন,
ইতা কেউ চউখে দেখছে না, কানেও হুনছে না,
দিলর মাজে কুনুদিন চিন্তাও করছে না।

10 ইতা অখন তান পাক রুহর মাজদি আমরার গেছে জাইর করছইন।
পাক রুহর অজানা কুন্তাউ নাই, তাইন আল্লার হকল বাতুনি বেয়াপারও
জানইন।
11 মানষর মাজে অলা কেউ আছে নি, যেরা একজনে আরক জনর
মনর খবর জানইন? খালি নিজর রুহেউ তার মনর খবর জানে। ঠিক
অউ লাখান, আল্লার পাক রুহ ছাড়া দুছরা কেউ তান গাইবি বেয়াপার
জানে না।

12 আর আমরা তো দুনিয়াবি রুহ পাইছি না, বরং আল্লার তরফ থাকি
তান রুহ পাইছি, এরলাগি তান দেওয়া নিয়ামত অকল আমরা চিনি।
13 আর অউ নিয়ামতর বেয়াপারেউ আমরা কই, ইতা কওয়ার সময়
আমরা মানষর আখল বেবহার করি না, খালি পাক রুহর মাজদি তালিম
পাইয়া কই। রুহানি হকিকতরে জাইর করার লাগি, আমরা রুহানি মাত
মাতি।
14 যে মানুষ রুহানি মনোভাবর নায়, আল্লাই পাক রুহর মাজদি যেতা
মিলে হে ইতারে কবুল করে না, কারন তার গেছে ইতা বেকামা। ইতা
বেয়াপার হে বুজেও না, কারন ইতা রুহানি জগতর বেয়াপার, খালি
রুহদি যাচাই করা যায়।
15 যে জনর মাজে পাক রুহ আছে, হে হক্কলতা যাচাই করিয়া দেখে,
তারে কেউ যাচাই করতো পারে না।
16 যেলা আল্লার কালামো আছে,

মাবুদর মন খেগিয়ে বুজতো পারছে,
তানরে পরামিশ দিবার সাইধ্য কার?

অইলে আল-মসীর মন আমরার দিলো থাকায়, আমরা ইতা বুজরাম।

3

তবলিগ কাম অইলো আল্লাই খেজমত

1 ভাই অকল, রুহানিক জনর লগে যেলাখান মাতা উচিত, আমি
তুমরার লগে ইলা মাততাম পারছি না। বরং দুনিয়াবি মানষর লগে যেলা
মাতা উচিত, তুমরার লগে অলাউ মাতিছি। তুমরা তো ইছায়ী তরিকাত
এক্কেরে হুরুতাইন্তর লাখান, এরলাগিউ অউলা মাতিলাম।
2 পয়লা আমি তুমরারে শক্ত খানি না দিয়া খালি দুধ খাবাইছলাম, হি
সময় শক্ত খানি খাওয়ার জুকা আছলায় না, আর অতো দিন বাদেও
তুমরা ই বেয়াপারে হুরুতা রইছো।
3 কারন তুমরা অখনও দুনিয়াবি রক্ত-মাংসে চলরায়। তুমরার মাজে
অখনও ইংসা, কাইজ্জা-ফসাদ লাগাইলউ আছে। তে তুমরা রক্ত-
মাংসর বশে রইছো না নি?

4 তুমরার মাজে কেউ যেবলা কয়, হে পাউলুছর দলর, কেউ কয়
আপল্লছর দলর, তে তুমরা দুনিয়াবি মানষর লাখান নায় নি?
5 আপল্লছ কে? আর পাউলুছউ বা কে? আমরা তো সামাইন্য
খেজমতকারি, আমরার মাজদি তুমরা ইমানর পথে আইছো। আল্লায়উ
আমরারে যারযির ই দায়িত্ব দিছইন।
6 আমি বিচ লাগাইছি, আপল্লছে পানি দিছইন, আর আল্লায় ইতারে
বড় করছইন।
7 এরলাগি যেইন বিচ লাগাইন আর যেইন পানি দেইন, এরা আসলে
কুন্তাউ নায়, অইলে যেইন ইতারে বড় করি তুলইন, তাইনউ হক্কলতা।
8 বিচ লাগাওরা আর পানি দেওরার একই উদ্দেশ্য। এরা পরতেকে
যারযির মেনত মাফিক কামর ফল পাইবা।
9 অইলে আমরা দুইও জনেউ আল্লার কাম করিয়ার।

তুমরা আল্লারউ খেত, তান বানাইল বিল্ডিং।
10 আল্লার গেছ থাকি যে খাছ রহমত আমি পাইছি, অউ রহমতর
বলেউ আমি আখলদার রাজ মেস্তরির লাখান ইয়ান খুটি গাড়ছি। আর
অউ খুটির উপরে অইন্য জনে বিল্ডিং বানাইরা। অইলে কে কিলা
বানাইরা, ই বেয়াপারে তারা হুশিয়ার অউক।
11 যে ইয়ান খুটি আগেউ গাড়া অইগেছে, মালিক ইছা আল-মসীউ
অইলা হউ খুটি, ইকটা বাদ দিয়া আর কুনু নয়া খুটি কেউ গাড়তো
পারতো নায়।
12 অখন ই খুটির উপরে সোনা, রুপা, দামি পাথর, লাকড়ি আর
ছন দিয়া কেউ যুদি ঘর বানায়,
13 তে কে কিলা বানাইছইন, ইতা ভালা করি দেখা যাইবো। রোজ
হাশরর দিন ইতা জাইর অইবো, হউ দিন অগ্নি-পরিক্ষার মাজদি ইতা
খুলা-মেলা অইবো।
14 যেইন যেতা বানাইছইন, ইতা যুদি টিকিয়া রয়, তে এইন পুরুস্কার
পাইবা।
15 অইলে ইতা জলি গেলে পুরুস্কার থাকি বাদ পড়বো, তা-ও তার
নিজর জান বাচিবো। তারে দেখলে বুজা যাইবো, হে আগুইনর মাজদি
পাড়ি দিয়া আইছে।

16 তুমরা জানো না নি, তুমরা অইলায় আল্লার কাবা ঘর, তুমরার
মাজে তান পাক রুহ বসত করইন?
17 কেউ যুদি আল্লার কাবা ঘর বিনাশ করে, তে আল্লায়ও তারে
বিনাশ করবা। কারন তান থাকার ঘর অইলো পবিত্র, আর তুমরাউ
অইলায় হউ ঘর।
18 তুমরা কেউ নিজরে ফাকি দিও না। তুমরার মাজর কেউ যুদি
দুনিয়ার আখল-ইলিমে নিজরে আখলদার মনো করে, তে হে বেআখল
বনউক যাতে আসল আখলদার অইতো পারে।
19 কারন ই জগতর আখল-বুদ্ধি, আল্লার নজরো খালি বেআখলি।
আছমানি কিতাবো আছে, "আল্লায় আখলদার অকলরে তারার
চালাকিত ধরইন।"
20 আরক আয়াতো আছে, "আখলদার অকলর হকল চিন্তাউ
বেকামা, ইতা তো মাবুদে জানইন।"
21 এরলাগি আমার কথা অইলো, হক্কলতাউ তো তুমরার, তে তুমরা
কুনু মানষরে লইয়া বড়াই করিও না।
22 পাউলুছ, আপল্লছ, পিতর, ই দুনিয়া, জিন্দেগি, মউত, বর্তমান,
ভবিষ্যত, হক্কলতাউ তুমরার।
23 তুমরা অইলায় আল-মসীর, আর আল-মসী অইলা আল্লার।

4

আল-মসীর সাহাবির জিন্দেগির নমুনা

1 আমরারে দেখিয়া মানষে বুজউক, আমরা আল-মসীর খাদিম,
আল্লাই বাতুনি ভান্ডারর খাজাঞ্চি।
2 আর যেরার উপরে ভান্ডারর খাজাঞ্চির ভার দেওয়া অয়, তারা
তো পরমান দেখানি লাগবো, তারা হক-হালাল।
3 তে আমি হক-হালাল কি না ই বিচার তুমরা করো বা আদালতেউ
করউক, এতে আমার কুন্তা যায় আয় না। আমি তো আমার নিজর
বিচারউ করি না।
4 আমার মন সাদা অইলেও পরমান করা যার না আমি নির্দুষ। তে
মালিক ইছায়উ আমার বিচার করবা।

5 এরলাগি সঠিক সময়র আগ পর্যন্ত, মানি মালিক ইছা হিরবার না
আওয়া পর্যন্ত তুমরা কুনু বিচার করিও না। আন্দাইরো যেতা লুকাইল
আছে, তাইন আইয়া ইতারে ফরো আনবা আর মানষর দিলর গোপন
নিয়ত অকল জাইর করবা। হউ সময় আল্লার গেছ থাকি হকলে যারযির
পাওনা তারিফ পাইবা।
6 ভাই অকল, তুমরার ভালাইর লাগি আমি আমার নিজর আর
আপল্লছর উদাহরন দিয়া তুমরারে কইলাম, যাতে তুমরা আমরার গেছ
থাকি অউ তালিম নেও, আছমানি কিতাবো যেতা লেখা আছে, ইতার
বারে যাওয়া ঠিক নায়। তে তুমরা একজনরে থইয়া আরেক জনরে
লইয়া বড়াই করিও না।
7 কেউ যানু মনো না করে তুমি আলাদা কুন্তা বনিগেছো। তুমার
নিজর এমন কুন ধন আছে, যেতা তুমি আল্লার গেছ থাকি লিল্লা পাইছো
না? আর ইতা যুদি লিল্লা পাইয়া থাকো, তে লিল্লা পাইছো না কইয়া
বেটাগিরি কররায় কেনে?
8 তুমরারে দেখিয়া তো মনো অর, তুমরা আগেউ হক্কলতা পাইয়া
ধনি অইগেছো, আমরারে বাদ দিয়াউ তুমরা বাদশা বনিগেছো! তুমরা
হাছারর বাদশা অইলে ভালাউ অইতো, আমরাও তুমরার লগে বাদশা
অইতাম পারতাম।
9 যুদ্ধ-বন্দি অকলরে মারিলিবার নিয়তে, যুদ্ধর বিজয় মিছিলর খরর
কাতারো যারারে রাখা অয়, আমার মনো অয় আল্লায় আমরার লাখান
সাহাবি অকলরেও অলা হকলর খরে রাখছইন। আমরা আস্তা জগতর
গেছে, হকল মানষর গেছে, আর ফিরিস্তা অকলর গেছেও তামশার
নায়ক বনিগেছি।
10 আমরা তো আল-মসীর লাগি বেআখল অইছি, আর তুমরা
বুলে আল-মসীর নামে আখলদার বনিগেছো। আমরা কমজুর, তুমরা
বলবান, তুমরা বুলে ইজ্জতি বনিগেছো, আমরার তো কুনু ইজ্জত নাই।
11 আমরা অখনও পেটর ভুকে, পানির পিয়াছে, কাপড়-চুপড়র
অভাবে কষ্ট করিয়ার, বাড়ি-ঘর নাই করি বৈতলর লাখান রইয়ার আর
মাইর-ধইর খাইয়ার।
12 হামেশা নিজর আতে মেনত করি খাইয়ার। মানষর গাইল-মন্দ
হুনিয়াও, তারার ভালাই চাইয়ার, জুলুম-নির্যাতন, হুমকি-ধামকিরে

ছবর করিয়ার।
13 বদনাম-গিবত সইয্য করি করি, নরম সুরে তারারে বুজাইয়ার।
অখন পর্যন্ত আমরা আস্তা জগতর খাছরার লাখান, হকলতার গেছেউ
জইঞ্জাল বনিগেছি।
14 হুনো, তুমরারে শরম দেওয়ার নিয়তে ইতা লেখরাম না, খালি
আমার মায়ার আওলাদ হিসাবে হুশিয়ার করার লাগি লেখরাম।
15 মনো রাখিও, আল-মসীর বেয়াপারে তালিম দেওয়ার লাগি
তুমরার আজার আজার উস্তাদ থাকতা পারইন, অইলে তুমরার বাফ
তো অতো জন নায়। খুশ-খবরি তবলিগর মাজদি ইছায়ী জিন্দেগিত
একমাত্র আমিউ অইলাম তুমরার বাফ।
16 অখন আমি তুমরারে মিনত করিয়া কইয়ার, আমি যেলা চলি,
তুমরাও অলা চলো।
17 অউ নিয়তে আমি তিমথিরে তুমরার গেছে পাঠাইলাম, মালিকর
নামে এইন তো আমার মায়ার হক-হালাল পুত। মালিক ইছা আল-
মসীরে আমি কিলা মানিয়া চলিয়ার, আর হকল জাগার হকল জমাতো
কিলা তালিম দিয়ার, ইতা তাইন মনো করাই দিবা।
18 তুমরার মাজর কেউ কেউ মনো করের, আমি আর তুমরার গেছে
আইতাম নায়, এরলাগি তারা বড়াই-বেটাগিরি দেখাইরা।
19 ইনশাল্লা আমি খুব জলদিউ আইমু। যেতায় বড়াই-বেটাগিরি
দেখাইরা, তারার মাত হুনাত নায়, খালি তারার মুল খেমতা দেখাত
আইমু।
20 আল্লার বাদশাই তো মাত-কথার বেয়াপার নায়, ইতা অইলো
কুদরতি খেমতার বেয়াপার।
21 তুমরার ইচ্ছা কিতা? আমি তুমরার গেছে কিতা লইয়া আইতাম?
ছিংলা লইয়া নি, না মায়া-মমতা আর নরম মিজাজ?

মানষর যৌবন আর পরিবারর তালিম (৫:১-৭:৪০)

5

নাফরমান খবিছ অকলর বিচার

1 আমি হুনরাম, তুমরার মাজে যেলাখান জঘইন্য জিনার কাম
চলের, ইলা কাম বিধর্মী অকলেও করে না। তুমরার মাজর এক জনে
নিজর হাতন মা□রেও বউর লাখান রাখছে।
2 এরবাদেও তুমরা বড়াই করো কিলা? ইতার লাগি তুমরা ফানা
মাংগা জরুর নায় নি? আর যেগিয়ে ইতা করছে, তারে জমাত থাকি
বার করি দেওয়া উচিত না নি?
3 আমি স-শরিলে তুমরার মাজে না থাকলেও রুহে তো তুমরার
লগে আছি, এরলাগি যেগিয়ে ইতা করছে, ছামনে থাকা বিচারির লাখান
আমিও আগেউ তার বিচার করিয়া রাখছি।
4 আমার বিচার অইলো, তুমরা মালিক ইছার নামে এক জাগাত দলা
অও, অউ সময় আমিও রুহে তুমরার লগে রইমু আর মালিক ইছার
বল-শক্তিও আমরার লগে থাকবো।
5 আর অউ নাফরমানর শরিলরে বিনাশ করার লাগি শয়তানর
আতো দিলাইতে অইবো, যাতে মালিক ইছা আইবার কালো তার রুহে
নাজাত পায়।

6 ভাইয়াইনরে, বড়াই করা তুমরার লাগি ঠিক নায়। জানো না নি,
ময়দার খাইর বড় গামলারেও থুড়া খামিরে ফুলাইলায়?
7 তে তুমরার দিল থাকিও হউ পুরান খামিরর ভাব ফালাই দেও,
যাতে খামির ছাড়া ময়দার খাই বনো, আর আসলেউ তো তুমরা খামির
ছাড়া জন। আজাদি ইদর কুরবানির মেড়া-বাইচ্চার লাখান আমরার
লাগি আল-মসীরেও কুরবানি দেওয়া অইছে। জানো তো, হউ ইদো
হকল লাখান খামির রাখা হারাম।
8 এরলাগি আও, আমরাও হউ পুরান খামির, মানি ইংসা আর
খারাপিরে বাদ দিলাই, এর বদলা খামির ছাড়া রুটি, মানি হক আর
সাদা দিলে ইদ আদায় করি।

9 আমি আগে তুমরারে লেখছলাম, তুমরা নাফরমান খবিছ অকলর
লগে সং ধরিও না।
10 আমি কইরাম না, ই জগতর খবিছ মানুষ, লোভী, দখলবাজ আর
দেব-দেবীর পুজা কররার সংগো এক্কেরে ছাড়ি দিতায়। ইলা অইলে তো
তুমরা জগতর বারে আরো কুনুখানো যাইতেগি অইবো।

11 অইলে আমি খালি অখান কইতাম চাইরাম, কেউ যুদি নিজরে
মুমিন কইয়া দাবি করে, আর হে জিনাকুর, লোভী, দেব-দেবীর
পুজারি, গিবত গাওরা, মদখুর, বা চুর-ডাকাইত অয়, তে তার সং
ধরিও না, তার লগে খানা-পিনাও খাইও না।
12-13 হুনো, আমার অলা ঠেকা পড়ছে নি, ইছার তরিকার বাইরর
মানষর বিচার করতাম? ইতার বিচার আল্লায়উ করবা। অইলে তরিকার
ভিতরর মানষর বিচার করা তুমরার কাম না নি? তৌরাত কিতাবো
আছে, "হউ নাফরমানরে তুমরার সমাজ থাকি বার করি দেও।"

6

মামলা-মকদ্দমার বেয়াপারে হুশিয়ার

1 তুমরা কেউরর যুদি কুনু ইমানদার ভাইর বিপক্ষে নালিশ থাকে,
তে আল্লার পাক বন্দা অকলর গেছে না গিয়া, হে কুন সাওসে বাইরা
মানষর গেছে বিচার চায়?
2 তুমরা জানো না নি, অউ পাক বন্দা অকলেউ আস্তা জগতর
বিচার করবা? আর আস্তা জগতর বিচার করতে পারলে অউ মামুলি
বেয়াপারর ফয়ছালা করতায় পারো না নি?
3 তুমরা জানো না নি, আমরা ফিরিস্তা অকলরও বিচার করমু? তে
দুনিয়ার বেয়াপার তো কুন্তাউ নায়!
4 তুমরার যেবলা অউ লাখান বিচার-আচারর জরুর অয়, অউ সময়
জমাতর বাইরা মানষরে কেনে বিচারর সালিশ বানাও?
5 আমি তো তুমরারে শরম দেওয়ার লাগিউ লেখরাম, তুমরার মাজে
ইলা আখলদার সালিশ একজনও নাই নি, যেইন তুমরার নিজর মাজর
গন্ডগোল মিট-মাট করতা পারইন?
6 আমি দেখরাম, বিচারর মজলিছো বইয়াও তুমরা ভাইয়ে ভাইয়ে
কাইজ্জা কররায়। তা-ও আবার অ-ইমানদারর ছামনে!
7 আসলে তুমরা ভাইয়ে ভাইয়ে অউ যেলা বিচার সালিশ চালাইরায়,
ইতায় তো তুমরার নিজরউ খেতি অর। তুমরা ইতা সইয্য করো না কেনে
বা নিজে নিজে ঠগা খাও না কেনে?

8 বরং তুমরা নিজেউ তো অইন্যায় কররায়, মানষরে ঠগিরায়, আর
ইতা নিজর ভাইর লগেউ কররায়!
9 আসলে তুমরা জানো না নি, আল্লার বাদশাইত নাফরমান খবিছ
অকলর কুনু ঠাই নাই। তে তুমরার ভুল চিন্তা দুর অউক, যেতা মানষর
স্বভাব খারাপ, যেতায় জিনা করইন, মুর্তিপুজা করইন, গাটুয়া নাচাইন,
সমকামি,
10 চুরি, লোভ-লালছি, মদখুর, গিবত গাওরা আর দখলবাজ, ইতা
মানষে তো আল্লার বাদশাইত ঠাই পাইতা নায়।
11 তুমরার মাজর কুনু কুনু জনও আগে অলা আছলায়, অইলে
মালিক ইছা আল-মসীর উছিলায় আর আমরার আল্লার রুহে তুমরারে
ধইয়া ছাফ করছে, তুমরারে পবিত্র করা অইছে আর বে-কছুর খালাছ
কইয়া গইন্য করা অইছে।

হকল নমুনার জিনা থাকি হুশিয়ার

12 কুনু কুনু মানষে কইন, "আমার লাগি কুন্তাউ হারাম নায়,
হক্কলতাউ জাইজ।" অইলে হক্কলতা যেন মানষর লাগি উপকারি, ইলা
চিন্তা ঠিক নায়। আমার লাগি হক্কলতা জাইজ অইলেও, আমি কুন্তার
গুলাম অইতাম নায়।
13 কেউ কেউ কইন, "পেটর লাগি খানি আর খানির লাগি পেট
দেওয়া অইছে।" খুব সুন্দর কথা, অইলে আল্লায় তো ই দুইওতাউ
বিনাশ করিলিবা। মনো রাখিও, শরিল তো জিনা করার লাগি নায় বরং
মালিক ইছার লাগিউ, আর মালিক ইছা শরিলর লাগি।
14 আল্লায় তান কুদরতি বলে মালিক ইছারে মুর্দা থাকি জিন্দা
করছইন, আর অউ বলে আমরারেও জিন্দা করবা।
15 তুমরা জানো না নি, তুমরার শরিল অইলো আল-মসীর শরিলর
অংগ? তে আল-মসীর শরিলরে আমি বদমাইশ বেটির শরিলর লগে
মিলাইতাম নি? নাউজুবিল্লা, কুনুমন্তেউ না!
16 তুমরা বুজো না নি, যে বেটায় বদমাইশ বেটির লগে মিলা-
মিশা করে, তার শরিল তো অউ বেটির লগে একখানো মিলিযায়।
যেলা পবিত্র তৌরাত শরিফো লেখা আছে, "তারা দুইওজন এক শরিল
অইবা।"

17 অইলে যে জন মালিক ইছার লগে মিলিযায়, হে তান লগে রুহেও
এক অইযায়।
18 ভাইয়াইনরে, তুমরা হকল জাতর জিনা থাকি জান বাচাও। মানষে
বাদ-বাকি যত গুনা করে, ইতা শরিলর বারে করে, অইলে যেগিয়ে
জিনা করে, হে তার নিজর শরিলর বিরুদ্ধে গুনা করে।
19 তুমরা বুজো না নি, তুমরার শরিল অইলো আল্লাই পাক রুহর
কাবা ঘর, অউ রুহরে তুমরা আল্লার গেছ থাকি পাইছো, এইন তুমরার
দিলো বসত করইন। তুমার শরিল তো তুমার নিজর সম্পদ নায়।
20 বউত দাম দিয়া তুমারে খরিদ করা অইছে। এরলাগি তুমার
শরিলরে আল্লার গৌরবর কামো লাগাও।

7

বিয়া-শাদির বেয়াপারে তালিম

1 ভাইয়াইনরে, তুমরা যেতা ফতোয়া জানার লাগি আমার গেছে
লেখছো, অখন অউ বেয়াপারে কইরাম। তুমরার কথা ঠিক আছে,
মানষর লাগি ভালা কাম অইলো বিয়া-শাদি না করা।
2 অইলে সমাজর হালত দেখিয়া আমি কইরাম, জিনা থাকি বাচিবার
লাগি পরতেক বেটাইন্তর বউ থাকলে ভালা, আর পরতেক বেটিন্তরও
জামাই থাকলে ভালা।
3 হকল জামাইয়ে তার বউর পাওনা হক আদায় করউক, আর
বউয়েও অলা জামাইর পাওনা আদায় করউক।
4 বউর শরিল তো তাইর নিজর নায়, তাইর জামাইর। অলাখান
জামাইর শরিলও তার নিজর নায়, তার বউর।
5 জামাই-বউয়ে একে-অইন্যরে নিরাশ করিও না, খালি খাছ কুনু
দোয়া-মুনাজাতর লাগি দুইওজনে পরামিশ করিয়া কিছু সময় আলাদা
রইতায় পারো। বাদে হিরবার মিলিযিও, যাতে শরিলর খাইশর লাগি
শয়তানে তুমরারে গুনার পথে টানার সুযোগ না পায়।
6 তে ই বেয়াপারে আমি তুমরারে কুনু হুকুম দিরাম না, খালি
ইজাজত দিরাম।

7 তা-ও আমার মনর আশা অইলো, হকল মানুষ আমার লাখান
আবিয়াতি রউক! অইলে আল্লার গেছ থাকি তো একো মানষে একো
নমুনার রহম-নিয়ামত পাইছইন।

8 তে ড়াড়ি বেটিন্তরে আর বউ মরা বেটাইন্তরে আমি পরামিশ
দিরাম, তারা যুদি আমার লাখান রইতা পারইন, তে ভালা।
9 অইলে নিজরে সামলাইতে না পারলে তারা বিয়া-শাদি করউক।
কারন শরিলর খাইশে জলিয়া-পুড়িয়া মরা থাকি বিয়া-শাদি করাউ
ভালা।

10 আর জামাই-বউরে আমি অউ হুকুম দিরাম, বউয়ে যানু তাইর
জামাই ছাড়িয়া না যায়। ই হুকুম খালি আমি দিরাম না, স্বয়ং মালিকেউ
দিরা।
11 আর যুদি তাই হরিয়া যায়গি, তে দুছরা বিয়া না বউক, বরং
জামাইর গেছে ফিরিয়া আউক। অলা কুনু জামাইয়েও তার বউরে
তালাক না দেউক।

12 অখন যেতা কইরাম, ইতা তো সরাসরি মালিকর হুকুম নায়, তান
পক্ষে আমি কইরাম, কুনু মুমিন ভাইর বউ যুদি ইছায়ী তরিকার না অইন
আর তাইন জামাইর লগে সংসার করতা চাইন, তে জামাইয়ে তানরে
তালাক না দেউক।
13 অউ লাখান কুনু বেটি মানষর জামাইও যুদি ইছায়ী তরিকার না
অইন, আর জামাই তান লগে রইতা চাইন, তে বউয়ে ই জামাইরে
তালাক না দেউক।
14 কারন অউ বউর উছিলায় আল্লায় তাইর জামাইরে পাক-
পবিত্র করছইন আর অউ জামাইর উছিলায় তার বউরেও পাক-পবিত্র
করছইন। ইলা না অইলে তুমরার হুরুতাইন তো নাপাক অইলো অনে।
আসলে তো আল্লায় অখন তারারেও পাক-পবিত্র মনো করইন।
15 অইলে ইছায়ী তরিকার বাইরা হউ বউ বা জামাই যুদি এমনেউ
আলগ অইযিতা চাইন, তে অইতা পারবা। ইলা হালতে হউ মুমিন ভাই
বা বইন বিয়ার কুনু বান্দনর মাজে থাকইন না। বুজরায় নি, আমরা
শান্তিয়ে রওয়ার লাগি আল্লায়উ আমরারে দাওত দিছইন।

16 ও বউ অকল, তুমি কিলা বুজলায়, তুমার জামাইর জান তুমি
বাচাইতায় পারতায় নায়? ও জামাই অকল, তুমিউ বা কিলা বুজলায়,
তুমার বউর জান তুমি বাচাইতায় পারতায় নায়?
17 যাই অউক, মালিক ইছায় যারে যেলা রাখছইন, আল্লায় যারে
যেলা দাওত দিছইন, হে অলা চলউক। হকল ইছায়ী জমাতরে আমি
অউ একই হুকুম দিয়ার।
18 যেলা, মছলমানি কাম করাইল কুনু মানষে ইছায়ী তরিকা কবুল
করলে হে তার অউ মছলমানিরে অস্বীকার না করউক, আর মছলমানি
না করাইল কুনু মানষে ইছায়ী তরিকা কবুল করলে, হে মছলমানি না
করউক।
19 মছলমানি কাম করানি বা না করানি ইটা কুনু বড় বেয়াপার নায়,
আল্লার হুকুম-আহকাম মানাউ অইলো আসল কথা।
20 আল্লায় যারে যে হালতে দাওত দিছইন, হে অউ হালতেউ
থাকউক।
21 ইছায়ী তরিকাত আইবার কালো তুমি গুলাম আছলায় নি? তে
ইতার লাগি বেজার অইও না, আর স্বাধীন অইতে পারলে স্বাধীন অও।
22 গুলামি করা হালতে মালিক ইছায় যারে দাওত করি আনছইন,
হে তো তান দরবারো স্বাধীন অইগেছে। আর স্বাধীন হালত থাকি যারে
দাওত করি আনছইন, হে তো আল-মসীর গুলাম বনিগেছে।
23 ভাইয়াইনরে, তুমরারে বউত দামদি খরিদ করা অইছে, এরলাগি
মানষর গুলাম বনিও না।
24 আল্লায় যারে যে হালতে দাওত দিছইন, আল্লার দরবারো হে
অলাউ রউক।
25 অখন আমি আবিয়াতি পুড়িন্তর মুছলার বেয়াপারে কইরাম।
ই বেয়াপারে মালিকর গেছ থাকি আমি সরাসরি কুনু হুকুম পাইছি
না, অইলে আল্লার রহমতে হক-হালাল রইয়া আমি আমার মতামত
জানাইরাম।
26 অউ আখেরি জমানাত যেলা মছিবত আইয়া আজিছে, আমার
মনে অর তুমরা যেইন যেলা আছো, অলাউ রও।
27 তুমার যুদি বউ থাকে, তে তাইরে তালাক দিও না, আর বউ না
থাকলে বিয়া-শাদি করাতও লাগিও না।

28 অইলে বিয়া করলে কুনু গুনা অইতো নায়, আর কুনু আবিয়াতি
পুড়ি বিয়া বইলে তাইরও গুনা অইতো নায়। খালি জগতো তারার কষ্ট
বাড়িবো, অউ কষ্ট থাকি আমি তুমরারে বাচাইতাম চাইরাম।
29 ভাই অকল, আমি কইতাম চাইরাম, মালিক ইছায় খুব জলদি
তশরিফ আনরা, বেশি দেরি নায়। এরলাগি অখন থাকি অউলা মনো
করিও, যেরার বউ-বাইচ্চা আছে, মনো করিও বউ-বাইচ্চা নাই।
30 যেরা দুখ-মছিবতো আছইন, তারা মনে করউক্কা কুনু দুখ-মছিবত
নাই, যেরা খুশি-বাসি কররা, তারা মনে করউক্কা কুনু খুশি-বাসি নাই,
আর যারা খরিদ-বিকি করের, তারাও মনে করউক্কা, ইতা মালর উপরে
তারার কুনু দাবি-দাওয়া নাই।
31 যেরা জগত-সংসার লইয়া ব্যস্ত, তারার ভাব যানু পুরাপুর সংসারি
না অয়, কারন ভবর বাজার তো সাংগো অইযার।
32 আমি চাইরাম, তুমরারে হকল নমুনার চিন্তা-ভাবনা থাকি হরাই
রাখতাম। কারন আবিয়াতি বেটাইন্তে চিন্তা করইন মালিকর বেয়াপারে,
কিলা মালিক মউলারে খুশি রাখা যায়।
33 অইলে বিয়াতি মানষে চিন্তা করইন সংসারর বেয়াপারে, কিলা
ঘরর বউ-বাইচ্চারে খুশি রাখা যায়,
34 এরলাগি তারার মন দু-টানাত পড়ি যায়। অউলা আবিয়াতি বেটি
আর পুড়িন্তে চিন্তা করইন মালিকর বেয়াপারে, কিলা মালিক মউলারে
খুশি রাখা যায়, যাতে তারার শরিল আর মন পাক-পবিত্র থাকে। অইলে
বিয়াতি বেটিন্তে চিন্তা করইন সংসারর বেয়াপারে, কিলা জামাইরে খুশি
রাখা যায়।
35 বুজরায় নি, অউ তালিম অকল তো তুমরার ভালাইর লাগি
কইরাম। আমি তুমরার গলাত কুনু ফাস লাগাইতাম চাইরাম না, খালি
কইতাম চাইরাম, তুমরা নেক পথে চলো আর দিলে-জানে মালিক
মউলার আশিক অও।
36 কুনু মানষে যুদি মনো করে, হে তার আবিয়াতি পুড়ির দায়-দায়িত্ব
আদায় করের না, পুড়ির বিয়ার বয়স পার অইযার করি, হে পুড়িরে
বিয়া দেওয়া জরুর মনো করে, তে তার খুশি মাফিক পুড়িরে বিয়া
দেউক। এতে কুনু গুনা অইতো নায়।

37 অইলে যে মানষর মন থির আছে, যার মনো কুনু অশান্তি নাই,
হে তার নিজর মনরে সামলাইয়া কাম করে, ই মানষে যুদি মনে করে
তার পুড়ির বিয়া-শাদি জরুর নায়, তে হে ঠিক কামউ করের।
38 অখন বুজা যার, যে জনে তার পুড়িরে বিয়া-শাদি দেয়, হে নেক
কাম করে আর যে জনে তার পুড়িরে আবিয়াতি হালতে রাখে, হে
আরো বেশি নেক কাম করে।
39 জামাই যতদিন জিন্দা থাকইন, অতদিন বউ জামাইর বান্দনো
থাকইন। অইলে জামাই মারা গেলে বউয়ে খালাছ পাইন, আর নিজর
পছন্দ মাফিক ইছায়ী তরিকার যেকুনু জনর গেছে বিয়া বইতা পারইন।
40 তা-ও আমি মনো করি, তাইন ড়াড়ি হালতে রইলেউ আরো ভালা।
আমি বুজরাম, আমি অউ হক্কলতা আল্লাই রুহর বলে কইরাম।

ইছায়ী মুমিন আর দেব-দেবীর পুজা (৮:১-১১:১)

8

দেবতার নামর পসাদ খাওয়া

1 হুনো, অখন আমি দেবতার নামে বিলাই দেওয়া পসাদর মুছলার
কথা কইরাম। আমরা তো জানি, আমরা হকলরউ আখল-বুদ্ধি আছে।
অইলে আখলে বড়াই বাড়ে, আর মহব্বতে মানুষ গড়ে।
2 কেউ যুদি নিজরে শিয়ান মনো করে, তে যতখান শিয়ান অওয়া
জরুর, অতখান তো অইছে না।
3 অইলে যে জনে আল্লারে মহব্বত করে, আল্লা পাকে তো তারে
চিনইন।
4 তে দেবতার নামে বিলাই দেওয়া পসাদর বেয়াপারে কইরাম,
আমরা জানি, দেবতা বলতে ই জগতো কুন্তাউ নাই, এক আল্লা ছাড়া
দুছরা কুন্তাউ নাই।
5 আছমানো বা জমিনো যেকুনু জাগাত, দেব-দেবী নামে যুদি কুন্তা
থাকিয়া থাকে, তে বউত দেবতা আর বউত মুনিব আছইন।

6 অইলে আমরার জানা মতে খালি এক আল্লা আছইন, তাইনউ
আমরার গাইবি বাফ। তান আতে হক্কলতা পয়দা অইছে, তান লাগিউ
আমরা বাচিয়া আছি। ঠিক অউলা আমরার মালিকও খালি একজন,
তান নাম ইছা আল-মসী। তান উছিলায় হক্কলতা পয়দা অইছে, আমরা
খালি তান লাগিউ টিকিয়া আছি।
7 ইতা বুজার আখল তো হকল মানষর নাই। কুনু কুনু জনে আগে
দেবতারে ভজনা করতো, এরলাগি তারা অখন দেবতার নামে বিলাই
দেওয়া পসাদ খাইলে, তারার বিবেকর কমজুরিয়ে তারে কলংকি
বানায়।
8 আসলে কুনু নমুনার খানির বলেউ আমরা আল্লার দরবারো কবুল
অই না। খানি না খাইলেও আমরার ইমানর খেতি অয় না, আর খাইলেও
কুনু লাভ অয় না।
9 অইলে হুশিয়ার রইও, তুমরার অউ স্বাধীনতা কুনুমন্তেউ যানু
কমজুর ইমানদারর লাগি গুনার কারন না অয়।
10 তুমার তো আখল-বিবেক আছে, অইলে যার বিবেক কমজুর, হে
যুদি তুমারে দেবতার মন্দিরো বইয়া পসাদ খাওয়াত দেখে, তে হে-ও
অউ পসাদ খাইতো নায় নি?
11 আর অউ কমজুর ভাইরে বাচানির লাগিউ তো আল-মসীয়ে জান
কুরবানি দিছলা, অখন তুমার অউ আখলে তার ইমানর সর্বনাশ অর।
12 অলাখান তুমরা যেবলা তুমরার মুমিন ভাইয়াইন্তর লগে গুনার
কাম করো, তারার কমজুর বিবেকরে দুখ দেও, অউ সময় তুমরা আল-
মসীর বিরুদ্ধেউ গুনা করো।
13 এরলাগি আমি কইরাম, খানা-পিনার কারনে যুদি আমার ভাইর
ইমানর খেতি অয়, তে তারে গুনা থাকি বাচানির লাগি আমি গোস্ত
খাওয়াও এক্কেরে বাদ দিলাইমু।

9

সাহাবি অকলর অধিকার

1 ভাইয়াইনরে, আমি কিতা স্বাধীন নায় নি? আমি কুনু সাহাবি নায়
নি? আমি কুনু আমরার মালিক ইছারে দেখছি না নি? মালিকর লাগি
আমি যে তবলিগ কাম করছি, ইতার ফল তুমরা নায় নি?

2 অইন্য কেউ আমারে সাহাবি কইয়া না মানলেও তুমরা তো
মানবায়, আমার সাহাবি কামর সীল-চাপ্পড় তুমরাউ, কারন আমার
মাজদি তুমরা তান উম্মত অইছো।

3 তে আমার সাহাবি পদ লইয়া যেরা সন্দয় করইন, তারা আমার
অউ জুয়াপ হুনউক্কা।
4 আমি আর সাহাবি বার্নাবাছে কিতা খানা-পিনার বেতন পাইবার
অধিকার নাই নি?
5 মুমিন কুনু বইনরে শাদি করার অধিকার আমরার নাই নি? অইন্য
সাহাবি অকলে, মালিক ইছার ভাইয়াইন্তে আর সাহাবি পিতরে যেলা
যারযির বিবিরে লইয়া ছফরো যাইন, আমরাও অলা পারি না নি?
6 খালি আমি আর বার্নাবাছেউ নিজর আতে কামাই করিয়া খাইতাম
নি?
7 নিজর গাট্টির টেকা ভাংগিয়া কেউ সিপাইর চাকরি করে নি? যে
গিরস্তে ফলর বাগান করে, হে ইতার ফল খায় না নি? যে রাখালে
পশুপাল রাখে, হে ইতার দুধ খায় না নি?
8 আমি তো খালি মানুষ আখলে মাতিয়ার না, মুছা নবীর শরিয়তেও
অলা কইছে।
9 শরিয়তো আছে, "ধান মাড়া দেওয়ার সময় গরুর মুখো হুফি
লাগাইও না।" তে আল্লায় খালি গরুর কথাউ চিন্তা করইন নি?
10 তাইন আসলে আমরার কথাউ কইছইন, ইখান হাছা নায় নি?
নিচ্চয়, ইতা আমরার লাগিউ লেখা অইছিল, কারন যেইন খেত করইন
আর যেইন ধান মাড়া দেইন, ফসলর বাট পাওয়ার আশায়উ তারার
ইতা করা উচিত।
11 তে আমরা যেলা তুমরার মাজে রুহানিক বিচি রুইছি, অউলা যুদি
তুমরার গেছ থাকি দুনিয়াবি খানি-পানি যুগাই, তে বেশি কুন্তা নিরাম
নি?
12 আর অউ বেয়াপারে যুদি তুমরার উপরে অইন্য মানষর দাবি
খাটে, তে আমরা আরো বেশি দাবি খাটাইতাম পারি না নি? অইলে
আমরা ইলা দাবি না খাটাইয়া সইয্য করিয়ার, যাতে আল-মসীর
বেয়াপারে খুশ-খবরি তবলিগ কামো আমরা কেউরর পথর কাটা না
অই।

13 তুমরা জানো না নি, পবিত্র বায়তুল-মুকাদ্দছো যেরা কাম করইন,
তারা অখান থাকিউ খানা-পিনা পাইন, আর কুরবানি খানাত যেরা কাম
করইন, তারা অউ কুরবানির মাল থাকি বাট পাইন।
14 ঠিক অলাখান মালিক ইছার হুকুম আছে, যারা খুশ-খবরি
তবলিগ করইন, তারা যানু অউ কামর উছিলায় খাওয়া-ফিন্দা পাইন।
15 অইলে আমি তো এর কুন্তাউ নিছি না। আর অখন তুমরারেও ইতা
লেখিয়ার না, আমার লাগি অতার বেবস্থা করতায় করি। অখন আমার
অউ বড়াইরে যুদি কেউ বেকামা বানাইলায়, তে আমার মরি যাওয়াউ
ভালা।
16 আমি যে খুশ-খবরি তবলিগ করিয়ার, এতে আমার বড়াই
দেখানির কুন্তা নায়, ইতা আমার লাগি ফরজ। তবলিগ না করলে আমার
উপরে লান্নত পড়উক!
17 অইলে আমি যুদি খুশি মনে তবলিগ করি, তে তো আমার
পুরুস্কার আছে, আর যুদি নিজর খুশিয়ে না-ও করি, তে মালিকর
দেওয়া জিম্মাদার হিসাবে তো করিয়ার।
18 অখন আমার ই কামর পুরুস্কার কিতা? ই পুরুস্কার অইলো,
খুশ-খবরি তবলিগ করিয়া হারি পাওনা বেতন নেই না, বিনা পয়সায়
তবলিগ করাউ আমার বেতন।
19 আমি যুদিও কুনু বেটার গুলাম নায়, তেবউ বউত মানষর জান
বাচানির লাগি নিজরে হকলর গুলাম বানাইয়া রাখছি।
20 ইহুদি অকলর মন জয় করার লাগি ইহুদি সমাজো আমি ইহুদির
লাখান অইছি। আমি তো মুছা নবীর শরিয়তর অধীনে নায়, অইলে
যারা তান শরিয়ত মানে, তারারে জয় করার লাগি আমি তারার লাখান
অইছি।
21 আর যারা শরিয়তর বাইরা, তারারে জয় করার লাগি আমি
শরিয়তর বাইরা মানষর লাখান অইছি। আসলে আমি আল্লার দেওয়া
শরিয়তর বারে নায়, আল-মসীর শরিয়তর অধীনে আছি।
22 যেরা কমজুর, তারার গেছে আমি কমজুরর লাখান অইছি,
তারারেও জয় করার লাগি। বেয়াপার অইলো, যেকুনু মন্তে কিছু
মানষর জান বাচানির লাগি আমি হকল সমাজর মন যুগাই চলিয়ার।

23 খালি খুশ-খবরির লাগিউ আমি ইতা করিয়ার, যাতে এর রহমতর
ভাগি অই।
24 তুমরা জানো না নি, দৌড়র খেলাত উঠিয়া হকলেউ দৌড়ায়,
অইলে পুরুস্কার খালি একজনেউ পায়। অখন তুমরাও অউলা দৌড়াও
যাতে পুরুস্কার পাও।
25 দৌড়র খেলাত দৌড়াইয়া হারি মানষে অলা এক মালা পায়, যে
মালা বাদে নষ্ট অইযায়, আর অউ মালা পাওয়ার লাগি এরা বউত কঠিন
নিয়ম-কানুনও মানে। অইলে আমরা তো আসল অক্ষয় মালা পাওয়ার
লাগি ইতা কররাম।
26 এরলাগি উদ্দেশ্য ছাড়া আমি দৌড়াইরাম না। যেতা বেটাইন্তে
বাতাসর লগে কিলাকিলি করইন, আমি তো ইতার লাখান নায়।
27 বরং আমি নিজর শরিলরে কষ্ট দিয়া গুলামর লাখান রাখছি,
যাতে অইন্যর গেছে খুশ-খবরি তবলিগ করিয়া হারি, পুরুস্কার থাকি
নিজে বাদ না পড়ি।

10

বনি ইছরাইলর ইতিহাস থাকি হুশিয়ারি

1 ভাই অকল, আমি চাইরাম, মরুভুমির মাজে আমরার ময়-মুরব্বি
অকলর ঘটনা তুমরার মনো রউক। এরা হকল তো গাইবি মেঘর খুটির
তলে রইতা, হকলে পাওয়ে আটিয়া নীল দরিয়া পার অইয়া গেছলা।
2 হকলেউ হউ মেঘর খুটি আর নীল দরিয়ার মাজে হজরত মুছার
তরিকায় পাক গোছল করছলা।
3 তারা আল্লার দেওয়া একই লাখান গাইবি খানি খাইছইন,
4 একই লাখান গাইবি পানিও খাইছইন, হকলে অলা এক কুদরতি
পাথর থাকি পানি খাইতা, যে পাথর তারার লগে লগে রইতো, অউ
পাথরউ অইলা আল-মসী।
5 তা-ও এরা বেশির ভাগ মানষর উপরে আল্লা পাক খুশি আছলা
না। এরলাগিউ তারার লাশ মরুভুমির মাজে পড়ি রইলো।
6 ইতা ঘটনা অইলো আমরার তালিমর লাগি এক ইতিহাস, যাতে
অতা দেখিয়া আমরা হুশিয়ার অই আর তারার লাখান কু-পথর আশিক
না অই।

7 তারার মাজে কেউ কেউ যেলা মুর্তিপুজা করছিল, তুমরা ইলা
করিও না। তৌরাত শরিফো আছে, “হকল মানুষ খানিত বইলা, বাদে
তারা খাওয়া-দাওয়া করিয়া হারি, হৈ-হুল্লা করি নাচ-গান, ফুর্তি-আমোদ
করাত লাগলা।”
8 আরকবার তারার মাজর বউত জনে জিনা করায়, একই দিনে
তেইশ আজার মানুষ মারা গেছলা। তে আমরা যানু অলাখান জিনা
থাকি বাচিয়া রই।
9 তারার মাজর বউতে মালিক মউলারে পরিক্ষা করাত লাগিয়া হাফর
কামড় খাইয়া মরছইন। আমরা যানু তানরে ইলা পরিক্ষা না করি।
10 তারার মাজর বউতে না-খুশ অইয়া বকা-জকা করায়, আল্লার
গজবর ফিরিস্তায় তারারে বিনাশ করছইন। এরলাগি তুমরা ইলা করিও
না।
11 তারার উপরে ইতা ঘটিছিল নিশানা হিসাবে, যাতে অতা দেখিয়া
আমরা হুশিয়ার অই। আমরা যেরা অউ আখেরি জমানার মানুষ, অউ
লেখা পড়িয়া আমরা যানু সাবধানে রই।
12 এরলাগি কুনু মানষে যুদি মনো করে, হে মজবুত আছে, তে হে
হুশিয়ার রউক যাতে তার ইমান না আলে।
13 মানষর জিন্দেগিত যেলাখান পরিক্ষা আয়, অতার বাইরা নয়া কুনু
পরিক্ষা তো তুমরার উপরে অর না। আল্লা পাক তো হক-হালাল, তাইন
তুমরারে সইয্যর অতিরিক্ত কুনু পরিক্ষাত ফালাইতা নায়, বরং পরিক্ষা
থাকি বাচিবার পথও বাতাই দিবা, যাতে তুমরা ইতা সইয্য করতায়
পারো।
14 ও মায়ার দুস্ত অকল, এরলাগি আমি তুমরারে কইরাম, দেব-
দেবীর পুজা থাকি জান বাচাও।
15 তুমরারে আখলদার জানিয়াউ আমি কইরাম, আমি যেতা কইরাম
তুমরা ইতা যাচাই-বাচাই করিয়া দেখো।
16 আল-মসীর মেজবানির সময়, শুকরিয়া আদায় করিয়া পিয়ালা
থাকি আমরা যে শরবত খাই, ইতার মাজদি আমরা আল-মসীর লউর
